

প্রেস রিলিজ

০৮ ফেব্রুয়ারি ২০২৫

দেশের অদক্ষ জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে রূপান্তর করতে বাউবি বদ্ধপরিকর - উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস কর্তৃক আয়োজিত কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের শিক্ষার্থীদের অংশগ্রহণে আজ ০৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ শনিবার “রিসার্চ ক্যাম্পিং-২০২৫” বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে কেন্দ্রীয় সম্মেলন হলের লেকচার গ্যালারীতে অনুষ্ঠিত হয়। কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের “রিসার্চ ক্যাম্পিং-২০২৫” অনুষ্ঠানে ভারুয়ালি সংযুক্ত থেকে শুভ উদ্বোধন করেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “বাংলাদেশের দক্ষ পেশাদারেরা আরও ভালো সুযোগের আশায় দেশের বাহিরে চলে যাচ্ছে। এ ব্রেইন-ড্রেইনের কারণে ক্রমবর্ধমান দক্ষতাসম্পন্ন প্রতিভা সংকটের মুখোমুখি হচ্ছে আমাদের দেশ। এদিকে বিশ্বের শিল্পজ্ঞান রোবোটিক্সের দিকে ঝুঁকছে এবং চতুর্থ শিল্প বিপ্লব ক্রমশ উন্মোচিত হচ্ছে। প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে তাল মিলিয়ে প্রযুক্তিগুলোর সাথে যুক্ত হওয়ার জন্য প্রয়োজন দক্ষ ও সুশিক্ষিত একদল কর্মীবাহিনী। আমরা দীর্ঘদিন থেকে দেখতে পাচ্ছি দেশের গুরুত্বপূর্ণ পদ পূরণের ক্ষেত্রে প্রতিনিয়ত বিদেশী কর্মী নিয়োগ করছি। বিশেষ করে শ্রীলংকা, ভারত, চীনসহ বিভিন্ন দেশ থেকে সংশ্লিষ্ট কাজে দক্ষ কর্মী নিয়ে আসছি। এর মূল কারণ হচ্ছে, বিদেশী কর্মীরা বিশেষ করে যারা ব্যবস্থাপনা ও কারিগরি ভূমিকায় রয়েছেন, তারা এমন গুণাবলী নিয়ে আসেন যা আমরা এখানে লালন করছি না।” উপাচার্য আরো বলেন, “ভাষাগত জ্ঞান, কার্যকর যোগাযোগ পারদর্শিতা ও কারিগরি দক্ষতা ইত্যাদিতে তারা আমাদের চেয়ে অনেক এগিয়ে আছেন। এক্ষেত্রে আমাদের শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা উন্নয়ন, ভাষাগত জ্ঞান ও কারিগরি দক্ষতা অর্জনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে নিজেদেরকে তৈরি করার ক্ষেত্রে Commonwealth Executive MBA/MPA প্রোগ্রাম নিশ্চয়ই শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে সহায়ক হবে। প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম এবং বাংলাদেশ সরকারের সাবেক অতিরিক্ত সচিব ও CEMBA/CEMPA প্রোগ্রামের এ্যালামনাই ড. এ কে এম মুখলেছুর রহমান। অনুষ্ঠানে সভাপতির বক্তব্য রাখেন, স্কুল অব বিজনেস এর ডীন অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, প্রোগ্রাম কো-অর্ডিনেটর ও স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, স্কুল অব বিজনেস এর অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান। CEMBA/CEMPA প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন, এএইচএস আহসান হাবিব, মনিরুল ইসলাম, কমান্ডার রেজাউল হাসান ও মোঃ সুলতান মাহমুদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, স্কুল অব বিজনেস এর সহকারী অধ্যাপক আদিবা আনিস ও প্রভাষক নঈমা সুলতানা। এছাড়াও স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম, অধ্যাপক ড. শাহীন আহমেদ, অন্যান্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাউবির CEMBA/CEMPA প্রোগ্রামের ২০২ ও ২১২ ব্যাচের মোট ৮৬ জন শিক্ষার্থী “রিসার্চ ক্যাম্পিং-২০২৫” প্রোগ্রামে অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি

মোবঃ ০১৭১৪৫০৫৭৪৭

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

Contact: Information and public Relations Division, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh

Website: www.bou.ac.bd, email: iprd@bou.ac.bd